





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দেবিদ্বার, কুমিল্লা। Debidwar.comilla.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৯৪০.০০০.৯৯.০২৪.২০-৬৮৬

তারিখঃ

ত মাঘ ১৪২৬

১৬ জানুয়ারি ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র দেবিদ্বার উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার য্ব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
٥٥)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/-(প্রতিদিন)	১) ন্যূনতম স্মাতক পাস হতে হবে।
		পারিতোষিক: ৮৫০০/-(ভ্যাট সহ,	২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।
		মোট)	৩) স্মার্টফোনের এম্লয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।
			8) স্মার্টফোনের স্ফ্রীন সাইজ নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।
			৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।
			৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।
			৭) উপর্যুক্ত শতাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে
			সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন।	১) ন্যূনতম এইচএসসি/সমমানেরপাস হতে হবে।
		পারিতোষিক: ৮০০০/-(ভ্যাট সহ,	২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।
		মোট)	৩) স্মার্টফোনের এম্বয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।
			8) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।
			৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।
			৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।
			৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী
			হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

<u>বি:দ্র:</u> উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধাতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- ১) উপজেলার ওয়েবসাইট (debidwar.comilla.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.debidwar.comilla.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- ২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকরী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী)খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ৭) ভূল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮) সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম ও ইউনিয়ন/পৌরসভার নাম উল্লেখপূর্বক আগামী ২৬/০১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক ও পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৯) নির্বাচনী সাক্ষাৎকারের সময়সূচী প্রার্থীদের মোবাইলে এসএমএস এর মাধ্যমে ও **উপজেলার ওয়েবসাইট** (debidwar.**comilla.gov.bd)** মাধ্যমে জানানো হবে।
- ১০) মৌখিক পরীক্ষার সময় মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ১১) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১২) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের চুড়ান্ত তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- ১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৩) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।কর্তৃপক্ষ যে কোন সময় এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রাকিব হাসান উপজেলা নির্বাহী অফিসার দেবিদ্বার,কুমিল্লা।

> ও সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি স্মারক নম্বর: ০৫.৪২.১৯৪০.০০০.৯৯.০২৪.২০-৬৮৬ অনুলিপিঃ সদয় অবগতি/ কার্যার্থে

- ১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৪ (দেবিদ্বার)
- ২। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান বুর্র্যো
- ৪। জেলা প্রশাসক, কুমিল্লা
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা
- ৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা
- ৭। উপজেলা ----- অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
- ৮। অফিস নথি

উপজেলা নির্বাহী অফিসার দেবিদ্বার,কুমিল্লা। ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি